



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩১.০০১.২১.৪৭৬

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮

২৩ মে ২০২১

বিষয়: সম্ভাব্য ঘূর্ণিঝড় "যশ/ইয়াস" মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত নির্দেশনা

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ২৩.০৫.২০২১ খ্রি. তারিখের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে যে, পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি একই এলাকায় ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে। এটি ঘনীভূত হয়ে নিম্নচাপ এবং পরবর্তীতে গভীর নিম্নচাপ ও ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে। এর বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করছে। "যশ/ইয়াস" নামে নামকরণকৃত সম্ভাব্য ঘূর্ণিঝড়টি আগামী ২৬ মে, ২০২১ নাগাদ বাংলাদেশ উপকূলে পৌঁছাতে পারে বলে বিভিন্ন সংবাদ মাধ্যম সূত্রে জানা যাচ্ছে। এ প্রেক্ষাপটে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন চলাচলসূচির আওতায় নৌপথে চলাচলরত খাদ্যশস্যবাহী নৌযানসমূহকে দ্রুত নিরাপদ স্থানে অবস্থান গ্রহণ এবং বন্দর/এলএসডি/সিএসডি/সাইলো ঘাটে অবস্থানরত নৌযানসমূহ দ্রুত খালাস সম্পন্ন করাসহ খাদ্য বিভাগের সংশ্লিষ্ট সকলকে নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- (১) সম্ভাব্য ঘূর্ণিঝড় "যশ/ইয়াস" আঘাত হানার পূর্বেই খাদ্য বিভাগের সকল সমুদ্র-নদী বন্দর/এলএসডি/সিএসডি/সাইলো ঘাটে আগত খাদ্যশস্যবাহী নৌযানসমূহ নিরাপদ স্থানে অবস্থান নিতে হবে;
- (২) বিভিন্ন এলএসডি/সিএসডি/সাইলো ঘাটে আগত খাদ্যশস্যবাহী নৌযানসমূহ দ্রুত খালাস করতে হবে;
- (৩) উপকূলীয় জেলাসমূহের খাদ্য গুদামসমূহে যাতে সম্ভাব্য ঘূর্ণিঝড় "যশ/ইয়াস"র কারণে সৃষ্ট জলচ্ছাসের পানি কোন খাদ্য গুদামে প্রবেশ করতে না পারে সে বিষয়ে পূর্বেই যথোপযুক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৪) মজুত খাদ্যশস্য সংরক্ষণে পানিরোধক দেওয়াল (Baffle Wall) তৈরি করে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তা দুর্যোগ পরিস্থিতি সার্বক্ষণিক মনিটর করবেন এবং উদ্ভূত পরিস্থিতির আলোকে মজুত খাদ্যশস্য রক্ষার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৬) পত্র-পত্রিকা, রেডিও এবং টেলিভিশনে প্রচারিত "যশ/ইয়াস" সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি সম্পর্কে সজাগ থাকতে হবে এবং পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং করে অধিদপ্তরকে অবহিত করতে হবে;
- (৭) ঘূর্ণিঝড় সতর্কতা ঘোষিত বন্দর, উপকূলীয় এলাকা ও জেলায় অবস্থিত খাদ্য বিভাগীয় স্থাপনাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকতে হবে;
- (৮) স্ব স্ব দপ্তরে কন্ট্রোল রুম গঠনপূর্বক খাদ্য অধিদপ্তরের এমআইএসএন্ডএম বিভাগের কন্ট্রোল রুমে (টেলিফোন নম্বর ০২-২২৩৩৮০২১৩) যোগাযোগ রেখে সার্বিক পরিস্থিতি অবহিত করতে হবে।

২৩-৫-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক

বিতরণ :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ  
সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩১.০০১.২১.৪৭৬/১(১২)

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮  
২৩ মে ২০২১

অনুলিপিঃ সদস্য অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)



২৩-৫-২০২১

ড. এস এম মুহসিন  
পরিচালক